দৈনিক ইনকিলাব

তারিখ 14 APR 2013 পৃষ্ঠা 4 কলাম 2



গাইবান্ধা : সুন্দরগঞ্জে এসএসসি পরীক্ষার্থিনী ও শিক্ষক লাঞ্ছিত হওয়ার প্রতিবাদে মানববন্ধন —জনকণ্ঠ

# এসএসসি পরীক্ষার্থিনী ও শিক্ষক লাঞ্ছিত হওয়ার প্রতিবাদে গাইবান্ধায় সমাবেশ মানববন্ধন

গাইবান্ধা, ১৩ এপ্রিল, নিজস্ব সংবাদদাতা ॥ গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলার আমিনা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে এসএসসি পরীক্ষার্থী ইসরাত আরা তন্বীর সঙ্গে অশালীন আচরণ এবং তার ভাই লিবন ও আবুল কাশেম নামের এক শিক্ষক স্থানীয় সন্ত্রাসীদের হামলায় লাঞ্ছিত হওয়ার প্রতিবাদে রবিবার বামনডাঙ্গায় এক সমাবেশ, বিক্ষোভ মিছিল ও মানববন্ধনের কর্মসূচী পালিত হয়। সন্ত্রাসীরা ছাত্রদলের সদস্য বলে জানা গেছে। গত ১২ এপ্রিল এসএসসি পরীক্ষা শুরু হওয়ার পূর্বে পরীক্ষা কেন্দ্রেই গোফফার নামে এক ছাত্রদল কর্মী বামনডাঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী তন্বীর সঙ্গে অশালীন আচরণ করলে তার ভাই লিবন বাধা দেয়। তখন উক্ত সন্ত্রাসী তাকে বেদম প্রহার করে। এ সময় বামনডাঙ্গা শিশু নিকেতনের অধ্যক্ষ আবুল কাশেমসহ স্থানীয় লোকজন সন্ত্রাসী গোফফারকে আটক করে সুন্দরগঞ্জ থানায় সোপর্দ করে। পরে স্থানীয় নেতৃবৃন্দের হস্তক্ষেপে বিশেষ ব্যবস্থায় তাকে ছেড়ে দেয়া হয়। থানা থেকে ছাড়া পেয়েই সন্ত্রাসী গোফফার ও তার সহযোগী বাবলু, উজ্জ্বল, লেবু, মিঠু ও রবিনসহ কয়েক যুবক অধ্যক্ষ আবুল কাশেমকে বামনডাঙ্গা যাওয়ার পথে বাহিরগোলা নামক স্থানে তার পথরোধ করে তাকে বেদম মারপিট করে। এ সময় তার মোটরসাইকেলটি ভাংচুর করে সন্ত্রাসীরা চাবি ছিনিয়ে নেয়। এ ঘটনার প্রতিবাদে রবিবার বামনডাঙ্গা বহুমুখী জনকল্যাণ সংস্থার চত্বরে এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। বামনডাঙ্গা ইউপি চেয়ারম্যান আবদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন মনজুরুল ইসলাম, সাইফুল ইসলাম, এমএ খালেক, আবুল কাশেম, আবদুর রাজ্জাক, হাবিবুর রহমান ছবি প্রমুখ। প্রতিবাদ সমাবেশে ২৪ ঘণ্টার মধ্যে সন্ত্রাসীদের গ্রেফতার করা না হলে পরবর্তীতে হরতালের কর্মসূচী ঘোষণা করা হয়। সমাবেশ শেষে সুন্দরগঞ্জ ইউএনও অফিসে একটি স্মারকলিপি পেশ করা হয়। প্রতিবাদ সমাবেশ ছাড়াও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকারা বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচী পালন করেন।